রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, জুন ১১, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**ঊর্ধ্বতন নিয়োগ-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/১১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ১৮৩-আইন/২০১৮।**—যেহেতু সরকারি ও সংবিধিবদ্ধ সংস্থার কতিপয় শীর্ষ পদকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর দ্বারা নির্ধারিত গ্রেড ১ এ উন্নীত করা হইয়াছে; এবং

যেহেতু উক্ত পদসমূহের মধ্যে যে সকল পদ কোন সার্ভিস বা কর্ম বিভাগ হইতে নিয়োগের জন্য সুনির্দিষ্টভাবে নির্ধারিত নাই সেই সকল পদসমূহে পদোন্নতির মাধ্যমে নিয়োগের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক; এবং

যেহেতু উক্ত পদসমূহকে একটি একক গুচ্ছে বিন্যস্ত করিয়া সরকারের অতিরিক্ত সচিবগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে উক্ত পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে প্রয়োজনীয় বিধান করা সমীচীন;

সেহেতু Services (Reorganisation and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 4, section 5 এর সহিত পঠিতব্য, প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ জারি করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আদেশ গ্রেড ১ পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ আদেশ, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।



মূল্য : টাকা ৪.০০

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই আদেশে,—

(ক) **"গ্রেড ১ পদ"** অর্থ—

(অ) তফসিলে উল্লিখিত কোনো পদ, এবং

(আ) সরকারি ও সংবিধিবদ্ধ সংস্থার গ্রেড ১ বেতনের জন্য কোনো পদ, যাহা কোন নির্দিষ্ট সার্ভিস বা কর্ম বিভাগের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য সুনির্দিষ্টভাবে নির্ধারিত নহে; এবং

(খ) **"তফসিল"** অর্থ এই আদেশের সহিত সংযোজিত প্রথম ও দ্বিতীয় তফসিল।

৩। **গ্রেড ১ পদে পদোন্নতি, নিয়োগ, ইত্যাদি**।—(১) সরকার, অনুচ্ছেদ ৪ এর বিধান সাপেক্ষে, সরকারের অতিরিক্ত সচিবগণের মধ্য হইতে গ্রেড ১ পদে পদোন্নতি প্রদান করিতে পারিবে।

(২) সরকার, উপ-অনুচ্ছেদ (১) এর অধীন পদোন্নতিপ্রাপ্ত কোনো কর্মচারীকে, সরকারি বা সংবিধিবদ্ধ সংস্থার গ্রেড ১ পদ বা সরকারের সচিব পদে, নিয়োগ বা, ক্ষেত্রমত, পদায়ন করিতে পারিবে।

৪। **বিধিমালার প্রয়োগ**।—এই আদেশের অধীন গ্রেড ১ পদে পদোন্নতি প্রদান ও নিয়োগের ক্ষেত্রে সরকারের উপ-সচিব, যুগ্ম-সচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২ এর বিধানাবলী, যতদূর সম্ভব, অনুসরণ করিতে হইবে।

**প্রথম তফসিল**

| ক্রমিক নং | পদের নাম | |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড; | বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের জন্য সংরক্ষিত |
| ২। | চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড; | |
| ৩। | রেক্টর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি; | |
| ৪। | মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর; | |
| ৫। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোড। | |

**দ্বিতীয় তফসিল**

| ক্রমিক নং | পদের নাম |
|---|---|
| ১। | চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন; |
| ২। | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন; |
| ৩। | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো: |
| ৪। | মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর; |

| ক্রমিক নং | পদের নাম |
|---|---|
| ৫। | মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি; |
| ৬। | চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ; |
| ৭। | মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর; |
| ৮। | চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড; |
| ৯। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর; |
| ১০। | কার্যনির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল; |
| ১১। | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড; |
| ১২। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ; |
| ১৩। | চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd